সমকাল

4 JUN 2017

# ৭ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচিতে যুক্ত হচ্ছে ডিজিটাল বাংলাদেশ



দেশের সাত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচিতে যুক্ত হতে যাচ্ছে ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়গুলোর একাডেমিক কোর্সে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন প্রকল্পের (এটুআই) অর্জন এবং নাগরিক সেবার উদ্ভাবন অন্তর্ভুক্ত করা হবে। যা তাত্ত্বিক জ্ঞানের সঙ্গে ব্যবহারিক জ্ঞানের সমন্বয়ে দেশের সেবার ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসএসএফ ব্রিফিং রুমে দেশের সাতটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এটুআই প্রোগ্রামের পৃথকভাবে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এ সময় এটুআইয়ের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার, আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ এম এম সফিউল্লাহ, ব্র্যাক ইউনিভার্সিটির অধ্যাপক আনসার আহমেদ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আনোয়ারুল ইসলাম, নর্থ সাউথ ইউনিভার্সিটির অধ্যাপক ড. আতিকুল ইসলাম, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. এম রেজওয়ান খান এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের অধ্যাপক এইচএম জহিরুল হক নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। চুক্তি অনুযায়ী বিশ্ববিদ্যালয়গুলো এটুআই প্রোগ্রামের সঙ্গে যৌথভাবে গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন কর্মসূচি বাস্তবায়ন করবে। এ ছাড়া সরকারের বিভিন্ন বিভাগ ও অধিদপ্তরের সেবাগুলো জনগণের কাছে পৌঁছে দিতে কাজ করবে। এই চুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরিতে অনুঘটক ও সহায়ক হিসেবেও কাজ করবে।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর